

PRINT

সমকাল

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে নবীনবরণ

১১ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

বেসরকারি নর্থ সাউথ ইউনিভার্সিটিতে নবীনবরণ উৎসব গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। 'ফল-২০১৮' সেমিস্টারের নতুন শিক্ষার্থীদের এই নবীনবরণ অনুষ্ঠিত হয় রাজধানীর বসুন্ধরা এলাকায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে। চারটি অনুষদের ১৬টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয় অনুষ্ঠানে। নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীর মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাস্থান অর্জনকারী ২২ শিক্ষার্থীকে টিউশন ফির ওপর ১০০% পর্যন্ত বৃত্তি প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমাম এবং বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম এ হাসেম।

প্রধান অতিথির বক্তব্যে এইচটি ইমাম নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা বাংলাদেশেই বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত হয়ে দেশের মুখ উজ্জ্বল করবে- এটাই আমার বিশ্বাস। বাংলা বা ইংরেজি যে ভাষায় কথা বল না কেন, সেটি যেন শুদ্ধ উচ্চারণ হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের সদস্য এমএ কাশেম, মোহাম্মদ শাহজাহান, ইয়াসমিন কামাল এবং রেহানা রহমান।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com